

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(সিটি কর্পোরেশন-২ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.০২.০২৮.১৬.৩৮৭

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৪
৩০ মে ২০১৭

বিষয়ঃ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় রাজশাহী সিটি কর্পোরেশনে 'রাজশাহী সিটি কর্পোরেশনের ২৮নং ওয়ার্ডের জলাবদ্ধতা নিরসনে অবকাঠামো উন্নয়ন' শীর্ষক প্রকল্পের পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ (ক) বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কার্যালয়ের স্মারক ২২.০৬.০০০০.১২৫.১৪.৮০৩.১৬.১৫, তারিখ: ১৯ ফেব্রুয়ারি ২০১৭;
(খ) রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারক ৪৬.০৬.৬১০০.০০৬.০৬.২০১৭-১০৩০, তারিখ: ০৮ মে ২০১৭;

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় রাজশাহী সিটি কর্পোরেশনে বাস্তবায়নধীন 'রাজশাহী সিটি কর্পোরেশনের ২৮নং ওয়ার্ডের জলাবদ্ধতা নিরসনে অবকাঠামো উন্নয়ন' শীর্ষক প্রকল্পের মেয়াদকাল মার্চ, ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত। প্রকল্পটির অনুকূলে ইতোমধ্যে ১ম-৩য় কিস্তির অর্থ অবমুক্ত করা হয়েছে। ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাবের সাথে প্রশাসনিক মন্ত্রণালয়ের পরিবীক্ষণ প্রতিবেদন এবং কাজ সমাপ্তির প্রত্যয়ন প্রয়োজন মর্মে সূত্রস্থ 'ক' স্মারকে জানানো হয়েছে (ছায়ালিপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, ২০১৬-১৭ অর্থ বছরে উক্ত প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কার্যালয়ে প্রেরণের লক্ষ্যে প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে পরিবীক্ষণ প্রতিবেদন জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৩(তিন) পাতা।

(মো: মাহমুদুল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫১১৬০৩

ই-মেইল- dsc2.lgd.gov@gmail.com

উপ-পরিচালক
স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজশাহী।

অনুলিপি:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পরিবেশ ও বন মন্ত্রণালয়, মহাখালী, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪। প্রকল্প পরিচালক, 'রাজশাহী সিটি কর্পোরেশনের ২৮নং ওয়ার্ডের জলাবদ্ধতা নিরসনে অবকাঠামো উন্নয়ন' শীর্ষক প্রকল্প, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।